

পলিটেকনিকের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ ও অষ্টম পর্বে অধ্যয়নরত শিক্ষার্থীদের দক্ষ প্রকৌশলী হওয়ার স্বার্থে অটোপ্রমোশনের বিভ্রান্তিতে না পড়ে কারিগরি শিক্ষা বোর্ড ঘোষিত তারিখে পরীক্ষায় অংশগ্রহণের আহ্বান জানানো হয়েছে।

বাংলাদেশ প্রাইভেট পলিটেকনিক উদ্যোক্তা সমিতির সভাপতি ইঞ্জিনিয়ার মো. শামসুর রহমান ও সাধারণ সম্পাদক সোহেলী ইয়াসমীন গতকাল সোমবার এক বিবৃতিতে এ আহ্বান জানান।

তারা বলেন, সাধারণ শিক্ষা ও কারিগরি শিক্ষা এক নয়। দক্ষ প্রকৌশলী হতে হলে পরীক্ষা না দিয়ে বা প্রযুক্তির সব বিষয় না জেনে শুধু পাস করে যাওয়ার সুযোগ নেই। পলিটেকনিক শিক্ষার্থীর পরীক্ষাবিহীন পাস করার দাবিও যৌক্তিক নয়। বিভ্রান্তি সৃষ্টিকারী কিছু যুবক শিক্ষার্থীদের নানা অজুহাতে বিভ্রান্ত করে শান্ত পরিবেশকে বিনষ্ট করার অপচেষ্টা চালাচ্ছে।

উদ্যোক্তা সমিতির পক্ষে আরও বলা হয়েছে, শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে কভিড-১৯ এর এই দুর্ব্যোমে সব প্রাইভেট পলিটেকনিক উদ্যোক্তা অত্যন্ত সহনশীল ও মানবিকভাবে ফি আদায় করেছে। অর্থের অভাবে কোনো শিক্ষার্থী যাতে পরীক্ষার ফর্ম পূরণে ব্যর্থ না হয়, সেদিকে দৃষ্টি রাখতে হবে।

আরও বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয় শিক্ষার্থীদের প্রতি মানবিক হয়ে পরীক্ষা সম্পর্কে ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করেছে। কভিড-১৯ এর কারণে যে সময় নষ্ট হয়েছে, তা পুষিয়ে দিতে সুনির্দিষ্টভাবে পরিকল্পনা গ্রহণ করেছে। তাই পলিটেকনিকের সব শিক্ষার্থীকে বোর্ড ঘোষিত সিডিউল অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করে নিজেদের জীবন গড়ে তুলতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।